



কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয়, ১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

প্রশ্ন : ০১ মিটার স্থাপনের পর গ্রাহকগণ কি কি সমস্যার সম্মুখীন হন?

উত্তর : মিটার স্থাপনের পর প্রি-পেইড গ্রাহকগণ নিম্নোক্ত সমস্যার সম্মুখীন হন:

- (ক) ভুল পদ্ধতিতে রিচার্জের কারণে (৯৯.০ % ক্ষেত্রে) মিটার হতে কার্ডে টাকা রিফান্ড হওয়া ও গ্যাস সরবরাহ বন্ধ হওয়া।
- (খ) ভূমিকম্প, গ্যাস প্রবাহের তারতম্য, মিটারে ঝাঁকুনী ইত্যাদি কারণে গ্যাস সরবরাহ বন্ধ হওয়া।
- (গ) যান্ত্রিক কারণে মিটার নষ্ট হয়ে গ্যাস সরবরাহ বন্ধ হওয়া।

প্রশ্ন : ০২ কিভাবে ও কত সময়ে গ্রাহকদের সমস্যার সমাধান করা হয়?

উত্তর : কাস্টমার সাপোর্ট সেন্টার ও জরুরী সেবা কেন্দ্রে কর্মরত কর্মকর্তাগণ Hot Line অথবা মোবাইল ফোনের মাধ্যমে গ্রাহককে নির্দেশনা প্রদানের মাধ্যমে অধিকাংশ সমস্যার সমাধান করেন এবং প্রয়োজনে গ্রাহক আঙ্গিনায় যেয়েও সমস্যার সমাধান করেন।

গ্রাহকদের নিকট হতে অভিযোগ পাওয়ার সাথে সাথেই দ্রুততম সময়ে সমস্যার সমাধান করা হয়।

প্রশ্ন : ০৩ সমস্যা সমাধানে গ্রাহকদের আর্থিক খরচ করতে হয় কিনা?

উত্তর : উপরে উল্লেখিত সমস্যা সমাধানে গ্রাহকদের কোনো আর্থিক খরচ করতে হয় না। তবে গ্রাহকদের অযত্ন অবহেলার কারণে মিটার ক্ষতিগ্রস্ত হলে কোম্পানীর প্রচলিত নিয়মে গ্রাহকদের নিকট হতে মিটারের মূল্য আদায় করা হয়।


Engr. Md. Sarwar Hossain
Project Director
Natural Gas Emergency Project
(Installation of Prepaid Meter for KGDCI)
KGDCI, Cholasmanar, Chittagong